গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
**www.ddm.gov.bd**

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১৩০.১৯.৩৫১ | তারিখঃ ০৯ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ / ২৩ জুন, ২০১৯ খ্রি.

প্রেরকঃ উপ-পরিচালক (কাবিখা-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

প্রাপকঃ (১) জেলা প্রশাসক, গোপালগঞ্জ।

(২) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
খাদ্য ভবন, ১৬ আঃ গণি রোড, ঢাকা।

**বিষয়ঃ** **২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় বিশেষ বরাদ্দ প্রদান।**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২৩/০৬/২০১৯ তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৮(অংশ-১)-৩০০ নং মঞ্জুরি আদেশের পরিপ্রেক্ষিতে ২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উল্লিখিত জেলা ও উপজেলার পার্শ্বে বর্ণিত প্রকল্পের অনুকূলে কাবিটা খাতে সর্বমোট ১১,৬১,৩০০/- (এগার লক্ষ একষট্টি হাজার তিনশত) টাকা নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে বরাদ্দ (বিশেষ বরাদ্দ) প্রদান করছি।

২। এই ব্যয় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট কোড নং-**১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১** হতে নির্বাহ করার জন্য অনুরোধ করা হলো।

৩। বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র দ্রুত সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে প্রদানের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

| জেলা ও উপজেলা | প্রকল্পের নাম | প্রকল্প সংখ্যা | একক মুল্য | বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| গোপালগঞ্জ কাশিয়ানী | ১. ব্যাসপুর গ্রামের বাজার/ গ্রোথসেন্টার, স্কুল সড়ক/ বাঁধ, মসজিদ ইত্যাদি স্থানে সোলার স্ট্রীট লাইট স্থাপন। | ৫ টি | ৭৭,৪২০/- | ৩,৮৭,১০০/০০ |
| | ২. মাঝিগাতী বাসস্ট্যান্ডে সোলার স্ট্রীট লাইট স্থাপন। | ০২টি | ৭৭,৪২০/- | ১,৫৪,৮৪০/০০ |
| | ৩. জয়নগর বাজার এবং শিক্ষা প্রতিষ্ঠানে সোলার স্ট্রীট লাইট স্থাপন। | ০৩টি | ৭৭,৪২০/- | ২,৩২,২৬০/০০ |
| | ৪. বিভিন্ন/ জরুরী স্থানে সোলার স্ট্রী লাইট স্থাপন। | ০৫টি | ৭৭,৪২০/- | ৩,৮৭,১০০/০০ |
| | মোট | **১৫টি** | - | **১১,৬১,৩০০/০০** |

শর্তসমূহঃ-

(১) এই প্রকল্পের অর্থ উত্তোলন ও বাস্তবায়নের সময়সীমা ৩০/০৬/২০১৯ খ্রি.।

(২) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত "গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকা" অনুসারে প্রাক্কলন প্রস্তুতসহ অন্যান্য অনুচ্ছেদ এবং সকল বিধি-বিধান/পদ্ধতি অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবরে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে;

(৩) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও শর্ত-১ এ বর্ণিত নির্দেশিকা-এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৪) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/ পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;

(৫) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে;

(৬) নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করা এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৭) কোনো প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনতে হবে।

(৮) কোনো প্রকল্প ডুপ্লিকেশন হলে ঐ প্রকল্পে বরাদ্দকৃত অর্থ সরকারী কোষাগারে ফেরৎ প্রদান করতে হবে;

(৯) প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন যথারীতি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে;

(১০) নতুনভাবে তৈরীকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থনীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাএছর চারা রোপনের কার্যক্রম অন্তর্ভূক্ত করেত হবে।

(১১) পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

(১২) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার সংরক্ষণ করতে হবে।

২৩/৬/২০১৯
(মোঃ মনিরুজ্জামান)
(উপসচিব)
উপ-পরিচালক (কাবিখা-১)
ফোনঃ ৯৮৮৬৪৭৩।

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১৩০.১৯.৩৫১ তারিখঃ ০৯ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ
২৩ জুন, ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ।
২। পরিচালক(মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,ঢাকা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী, জেলা-গোপালগঞ্জ।
৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা-গোপালগঞ্জ।
৫। কম্পিউটার প্রোগ্রামার (দায়িত্ব প্রাপ্ত), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,ঢাকা।
৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গোপালগঞ্জ। (উল্লেখিত অর্থ ibas++ এ ছাড় করণের জন্য উপ-বরাদ্দের কপি ddmreport@gmail.com ই- মেইলে প্রেরণের অনুরোধ সহ)
৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাশিয়ানী, জেলা-গোপালগঞ্জ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব ত্রাক-২, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৩/৬/২০১৯

(মোঃ মনিরুজ্জামান)
(উপসচিব)
উপ-পরিচালক (কাবিখা-১)